BSAA Circular No. 162 /2022 Dt :22-12-2022

CHAIRMAN........................
SR. VICE-CHAIRMAN........................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.mmd.gov.bd

নং-৪০২.০১২.০৪৪.০০.০০.০৪৪/২০১৪/৫৬০২ তারিখঃ ২০/১২/২০২২খ্রিঃ

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন' ২০১৯-এর যথাযথ প্রতিপালন।**

বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন' ২০১৯ অনুযায়ী Certificate of Waiver এর আবেদনে আইনের যথাযথ প্রতিপালন ও বাস্তবায়ন অতীব জরুরি। বর্তমানে প্ররিলক্ষিত হচ্ছে বিদেশী পতাকাবাহী জাহাজে কার্গো লোড করার পর বা কার্গো লোড করার সময় উক্ত জাহাজের অনুকূলে Certificate of Waiver এর জন্য আবেদন করা হচ্ছে, যা সংশ্লিষ্ট আইনের পরিপন্থি এবং এতে আইনের মৌলিক উদ্দেশ্য বিনষ্ট হয়। এই আইন'র **"ধারা-৩ উপধারা (১) এর দফা (খ) এর অধীন অব্যাহতি প্রাপ্তির লক্ষ্যে জাহাজ মালিক বা তাহার প্রতিনিধিকে পণ্য বোঝাই করিবার অন্যূন ১৫ (পনেরো) কার্যদিবস পূর্বে নির্ধারিত কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।** এবং ধারা-৭ অনুযায়ী **(১) কোনো জাহাজ দ্বারা ধারা-৩ এর বিধান লঙ্ঘন করিয়া পন্য পরিবহন করিলে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত জাহাজের মালিক অথবা ভাড়াকারীর উপর উক্ত পণ্য পরিবহণের ভাড়ার অধিক নহে এইরূপ পরিমান অর্থ প্রশাসনিক জরিমানা হিসাবে আরোপ করিতে পারিবে এবং (২) এই আইনের অন্যান্য বিধান লঙ্ঘনের ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ অন্যূন পাঁচ লক্ষ টাকা প্রশাসনিক জরিমানা হিসাবে আরোপ করিতে পারিবে।"**

এমতাবস্থায়, বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন' ২০১৯ অনুযায়ী জাহাজ মালিক বা তার প্রতিনিধি, ভাড়াকারী প্রতিষ্ঠান (charterer), কার্গোর মালিক বা তার প্রতিনিধিকে যথাযথ ভাবে Certificate of Waiver এর জন্য Online Application করতে হবে। অন্যথায়, **বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন' ২০১৯ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

বিষয়টি গুরুত্ব সহকারে সংশ্লিষ্ট সকল শিপিং এজেন্টকে অবহিত ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

( ক্যাপ্টেন সাব্বির মাহমুদ )
প্রিন্সিপাল অফিসার এবং প্রেসক্রাইবড অথোরিটি
ফোনঃ ০২৩৩৩৩২৪১৪০, ০২৩৩৩৩২১৯০২, ফ্যাক্সঃ ০২৩৩৩৩২৪৯৫৪
Email: po@mmd.gov.bd

বিতরণ- জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিরিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং - ০৩ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর , জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৪. মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৬. চেয়্যারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) (বাণিজ্য মন্ত্রণালয়), টিসিবি ভবন (৩য় তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫বাংলাদেশ।
৭. কমিশনার, কাষ্টমস হাউজ, বন্দর রোড, নীমতলা, চট্টগ্রাম।
৮. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চট্টগ্রাম।
৯. Chairman, Bangladesh Ocean Going Ship Owners' Association (BOGSOA), Office 11/B, Block CWS (A), Road 30, Gulshan 1, Dhaka 1212.
১০. Chairman, Exporters and Importers association of Bangladesh, 4th Floor, 59/3 Purana Paltan, Dhaka 1000.
১১. সভাপতি, শিপিং এজেন্ট এসোসিয়েশান, চেম্বার হাউজ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২. কো-অর্ডিনেটর, ফিল্ড ইউনিট অফিস, নৌ-পরিবহন অধিদপ্তর, চট্টগ্রাম।

BSAA 577 Received
Dated 21-12-22
Signature,